

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা- ২ শাখা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০০৭.২০১৫- ২২৯

তারিখঃ- ২৭.০৪.২০১৫খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব সৈয়দ মোঃ মতিউর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ), স্বাস্থ্য প্রকৌশল কার্যালয়, নোয়াখালী বিভাগ, নোয়াখালী এর বিরুদ্ধে জেলা গোয়েন্দা শাখা(ডিবি) কর্তৃক নোয়াখালী জেলার সুধারাম থানার মামলা নং-২৫ রুজু করা হয়।


যেহেতু, তিনি পুলিশ কর্তৃক ফৌজদারী মামলায় গ্রেফতার হয়ে বিজ্ঞ আদালতের মাধ্যমে ১৯.০২.২০১৫ তারিখে জেলহাজতে প্রেরিত হন;

যেহেতু, তার বিরুদ্ধে ফৌজদারী মামলা রুজু হয় এবং গ্রেফতার হয়ে জেল হাজতে প্রেরণের কারণে বিএসআর পার্ট-৭ এর ৭৩ বিধি প্রযোজ্য হয়েছে:

এক্ষণে সেহেতু, জনাব সৈয়দ মোঃ মতিউর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ), স্বাস্থ্য প্রকৌশল কার্যালয়, নোয়াখালী বিভাগ, নোয়াখালী-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১ (১) বিধি মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

প্রচলিত সরকারি নিয়ম মোতাবেক তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

এই আদেশ আদালত কর্তৃক জেলহাজতে প্রেরণের তারিখ ১৯.০২.২০১৫ হতে কার্যকর হবে।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০০৭.২০১৫- ২২৯/১ (৬)

তারিখঃ- ২৭.০৪.২০১৫খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)।
- ২। যুগ্ম-সচিব (নির্মাণ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল কার্যালয়, নোয়াখালী বিভাগ, নোয়াখালী।
- ৬। জনাব সৈয়দ মোঃ মতিউর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ), স্বাস্থ্য প্রকৌশল কার্যালয়, নোয়াখালী বিভাগ, নোয়াখালী।

  
(মোঃ আনোয়ার হোসেন)  
সহকারী সচিব  
ফোন-৯৫৪৫০২৮  
Sasdisc2@mohfw.gov.bd

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০৪৭.২০১৪- ১৬০

তারিখঃ ২৭ .০৪.২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ শাহ মঈন উদ্দিন চৌধুরী (১২১৯৭৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পটিয়া, চট্টগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ শাহ মঈন উদ্দিন চৌধুরী (১২১৯৭৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পটিয়া, চট্টগ্রাম গত ১৩.০৬.২০১৩ তারিখ হতে ১৯.০৬.২০১৩ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে গত ২০.০৬.২০১৩ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫'র ৩(বি) ও ৩(সি) মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং উক্ত অভিযোগে কেন আপনাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

আপনার বিরুদ্ধে প্রণীত অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

ডাঃ শাহ মঈন উদ্দিন চৌধুরী (১২১৯৭৭)

মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পটিয়া, চট্টগ্রাম।

বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ

চাঁদগাজী চৌধুরী বাড়ী, গ্রামঃ আলীপুর, পোঃ হাটহাজারী, উপজেলাঃ হাটহাজারী, জেলাঃ চট্টগ্রাম।

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০৪৭.২০১৪- ১৬০/১(৬)

তারিখঃ ২৭ .০৪.২০১৫ খ্রিস্টাব্দ


অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে/লটকাইয়া জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা(তথ্যটি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিভিল সার্জন, চট্টগ্রাম(নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে/লটকাইয়া জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পটিয়া, চট্টগ্রাম (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে/লটকাইয়া জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।

(মোঃ আনোয়ার হোসেন)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮

অভিযোগ বিবরণী

ডাঃ শাহ মঈন উদ্দিন চৌধুরী (১২১৯৭৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পটিয়া, চট্টগ্রাম গত ১৩.০৬.২০১৩ তারিখ হতে ১৯.০৬.২০১৩ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। তিনি ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে গত ২০.০৬.২০১৩ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫'র ৩(বি) ও ৩(সি) মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর এহেন এরূপ আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-২ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১৫- ১৬১

তারিখঃ ২৭ .০৪.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ শাহীনুল ইসলাম মন্ডল, আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ শাহীনুল ইসলাম মন্ডল, আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধা গত ২০১৩-২০১৪ অর্থ বছরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধার বৈধ দরপত্র সমূহের তুলনামূলক বিবরণী প্রস্তুতের পূর্বেই সাদা কাগজে স্বাক্ষর করে সরকারি দায়িত্ব পালনে অবহেলা করতঃ চাকুরি বিধি পরিপন্থী গর্হিত কাজ করেছেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগে কেন আপনাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দণ্ড প্রদান করা হবে না, এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানী চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

আপনার বিরুদ্ধে প্রণীত অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ শাহীনুল ইসলাম মন্ডল  
আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধা  
স্থায়ী ঠিকানাঃ

গ্রামঃ ননিহাগাড়ী, পোঃ পলাশবাড়ী, থানাঃ পলাশবাড়ী, জেলাঃ গাইবান্ধা।

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১৫- ১৬১/১ (৬)

তারিখঃ ২৭ .০৪.২০১৫ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে/লটকাইয়া জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা(তথ্যটি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিভিল সার্জন, গাইবান্ধা(নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে/লটকাইয়া জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পলাশবাড়ী, গাইবান্ধা(নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে/লটকাইয়া জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।


(মোঃ আনোয়ার হোসেন)  
সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc2@mohfw.gov.bd](mailto:sasdisc2@mohfw.gov.bd)

## অভিযোগ বিবরণী

ডাঃ মোঃ শাহীনুল ইসলাম মন্ডল, আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধা গত ২০১৩-২০১৪ অর্থ বছরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধার বৈধ দরপত্র সমূহের তুলনামূলক বিবরণী প্রস্তুতের পূর্বেই সাদা কাগজে স্বাক্ষর করে সরকারি দায়িত্ব পালনে অবহেলা করতঃ চাকুরি বিধি পরিপন্থী গর্হিত কাজ করেছেন। তাঁর উপরিলিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব